## উপজেলা পরিষদ

মোহনগঞ্জ, নেত্রকোণা

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৬ মে ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভাপতি | ঃ | জনাব জুয়েল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প তালিকা সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রকল্পসমূহ নিয়ে সভায় বিস্তর আলোচনা হয়। আলোচনান্তে প্রকল্পসমূহ সভার সকলের সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত হয়।<br>তিনি আরো জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সরবরাহকৃত উপ-প্রকল্পের INF-2021-22-457263-04 নং প্যাকেজের কাজ সম্পন্ন হওয়ায় ঠিকাদারকে বিল পরিশোধ করা প্রয়োজন। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান ৮,৫৬,৮০০/- টাকা। কর্তন বাবদ জামানত ১০% = ৮৫,৬৮০/-, ভ্যাট- ১৫% = ১,২৮,৫২০/- এবং আয়কর ৭%= ৫৯,৯৭৬/- টাকা। সকল কর্তন বাদে ৫,৮২,৬২৪/- টাকা ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে বিল প্রদানের অনুরোধ করেন। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় নিম্নবর্ণিত প্রকল্প সভায় অনুমোদিত হয় ও প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পচিালন ও উন্নয়ন প্রকল্প কাজের সঠিকতা যাচাই করে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভাকে জানান ঈদুল আয্হা-২০২৫ উপলক্ষে মোহনগঞ্জ উপজেলার বিভিন্ন কুরবানীর হাটে বিনামূল্যে গবাধি পশুর চিকিৎসা, গর্ভ পরীক্ষা ও সুস্থ গরু চেনার ব্যাপারে তাদের তত্বাবধানে ক্যাম্প করে ক্রেতাদের সহযোগিতা করবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, চলতি বোর মৌসুমের কর্তন শতভাগ শেষ হয়েছে। কৃষি মেলা ২০২৫ তিনদিন ব্যাপী জুন মাসের শেষ সপ্তাহে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২৬ জুন ২০২৫ তারিখে হতে এইচএসসি/সমমান পরীক্ষা আরম্ভ হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অন্যান্য কার্যক্রমের মধ্যে ৬ষ্ঠ/৯ম শ্রেণির উপবৃত্তি কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান আছে। ২০ জুন ২০২৫ তারিখের মধ্যে যাচাই বাছাই কার্যক্রম শেষ | এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে মর্মে তিনি সভায় জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ১২.০৫.২০২৫ থেকে ১ম প্রান্তিক পরীক্ষা ইতিমধ্যে শেষ হয়েছে। পরীক্ষা শেষে যথারীতি শ্রেণি পাঠদান শুরু হয়েছে। আগামী ০৩ জুন ২০২৫ থেকে বিদ্যালয় বন্ধ হয়ে আগামী ২৩ জুন বিদ্যালয় খোলা হবে। ঈদের ছুটিতে কোন কোন বিদ্যালয়ে ছুরির ঘটনা ঘটে। এ বিষয়ে গ্রাম পুলিশের সহযোগিতা নেয়া যেতে পারে। হরিপুর স: প্রা. বিদ্যালয়ের মাঠ দখল করে জমিদাতা গৃহনির্মাণ করছে। এ বিষয়ে জমির সীমানা নির্ধারণ করা অতীব জরুরী এবং প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। ০১টি বিদ্যালয়ে দুই লক্ষ টাকা, ০১টি বিদ্যালয়ে দেড় লক্ষ টাকা এবং ২০টি বিদ্যালয়ে রুটিন মেইনটেনেন্সের ৪০,০০০/- টাকার কাজ চলমান আছে। ০৫ জুনের মধ্যে কাজ সম্পাদনের নির্দেশনা দেয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম সন্তোজনক। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান পোশাক তৈরি বিষয়ে ৩০ জনকে ০৭ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, |
| ০৯ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান নতুন ০২টি সমিতি নিবন্ধন হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর প্রতিনিধি সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ১০ কেজি হারে চাল আগামী ২৭-২৯ মে ২০২৫ তারিখে বিতরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরের টিআর ও কাবিখার কাজ চলমান রয়েছে। আগামী ১৫.০৬.২০২৫ তারিখে কাজ শেষ করে মাস্টাররোল জমা প্রদান করার জন্য সকল চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ট্যাগ অফিসার উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রকল্প কাজ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, শিক্ষা উপবৃত্তিসহ সকল ধরণের ভাতা ৪র্থ কিস্তি প্রেরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার-সিরোসিস রোগীদের এককালীন ৫০,০০০/- টাকা দেয়ার নিমিত্তে ৬৩ জন রোগীর আবেদনের বিপরীতে টাকা ছাড় করা কার্যক্রম প্রক্রিয়াধীন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রন সামগ্রীসহ অন্যান্য প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ বিগত ফেব্রুয়ারি/২০২৪ সাল থেকে বন্ধ থাকায় স্বাভাবিক সেবা | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম ব্যাহত হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র গুলোতে প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ না থাকায় এএনসি ও পিএমসি এবং ডেলিভারি কার্যকম সেবা ব্যাহত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অনুরোধ করা হয়। | |
| ১৬ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক বিভাগ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান খাদ্য গুদামের মজুদ চাল ১২৩৬ মে:টন, গম ২৬ মে: টন, ধান ২১ মে: টন। মজুদ খাদ্যশষ্য উপজেলায় আপদকালীন মজুদ হিসেবে সংরক্ষণ থাকবে। চালের লক্ষ্যমাত্রা ৪৫৮১ মে: টন, ধানের লক্ষ্যমাত্রা ১২৩০ টে:টন। চাল সংগ্রহ ৭৬৯ মে:টন এবং ধান সংগ্রহ ২১ মে:টন। ধান বিক্রয়ের জন্য কৃষকের আগ্রহ কম থাকায় গতি বৃদ্ধি করা যাচ্ছে না। সংগ্রহের মেয়াদ ৩১ আগস্ট ২০২৫ পর্যন্ত। টিসিবি মে/২৫ মাসের চাল বিতরণ করা হয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির জানুয়ারি ২০২৫ হতে মে ২০২৫ মাস পর্যন্ত চাল বিতরণের জন্য পুষ্টি মিশ্রণ মিলে চাল সরবরাহ করা হয়েছে। খাদ্য বিভাগের পক্ষ হতে বাজার মনিটরিং করা হচ্ছে। বাজারে চালের মূল্য সহনশীল পর্যায়ে রয়েছে। ধান সংগ্রহের উদ্বোধন করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৮ | উপজেলা তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, মোহনগঞ্জ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ২০ | বিদ্যুত বিভাগ, মোহনগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ সভাকে অবহিত করেন যে, অস্বাভাবিক বিদ্যুৎ পরিস্থিতির বিষয়টি সকলকে অবহিত করা প্রয়োজন। বাংলাদেশে ৮০টি পল্লীবিদ্যুৎ সমিতির মিটার ট্রান্সফারসহ সকল ক্রয় প্রক্রিয়ার সাথে পল্লী বিদ্যুৎ জড়িত নয়, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড জড়িত। কিন্তু গ্রাহক প্রান্তে পল্লীবিদ্যুৎ সমিতির লোকজনের সাথে সু-সম্পর্ক দিনদিন খারাপ হচ্ছে। বিষয়গুলো সকলকে অবহিত করা উচিত। ১ম শ্রেণির উপজেলা হিসেবে মোহনগঞ্জের বিদ্যুৎ অবস্থার উন্নতির জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। বিদ্যুৎ একটি জনগরুত্বপূর্ণ বিষয় হওয়ায় বিদ্যুৎতের সমস্যাগুলো সকলের জানা প্রয়োজন। | বিদ্যুত ব্যবস্থা স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ জোনাল অফিস |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের আর্থিক বাজেট উপস্থাপনা করে ৩০ জুনের মধ্যে অনুমোদনের জন্য অনুরোধ করেছেন। তার বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), মোহনগঞ্জ |
| ২২ | প্যানেল চেয়ারম্যান, ০১ নং বড়কাশিয়া বিরামপুর ইউপি | প্যানেল চেয়ারম্যান, ০১ নং বড়কাশিয়া বিরামপুর ইউপি সভায় বলেন তার ইউপির পানুর গ্রামে ৫০০ মিটার রাস্তা কার্পেটিং করা আছে। অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া বিভিন্ন ভাতার প্রতিস্থাপনের আপডেট তথ্য পাওয়া যাচ্ছে না। ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি, মোহনগঞ্জ |

### ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্পসমূহ:

| ক্রমিক নং | কাজের নাম | বরাদ্দকৃত টাকা | বাস্তবায়নের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের জন্য ০১ টি আইপিএস ও ০২ টি এসি ক্রয়সহ ভবন মেরামত করণ | ৫,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ০২ | মোহনগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের বাংলো মেরামত করণ | ৪,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ০৩ | মোহনগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে শেড নির্মাণ | ৭,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ০৪ | মোহনগঞ্জ উপজেলা পরিষদের কংস ভবন (গেজেটেড কোয়ার্টার) মেরামত করণ | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ০৫ | আদর্শ নগর পর্যটন কেন্দ্রের রাস্তা এবং শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্রের রাস্তা মেরামত করণ | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ০৬ | মোহনগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে আবাসিক চত্বরের নিরাপত্তার জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণ | ৯,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ০৭ | উপজেলা পরিষদের অভ্যন্তরে কংশ ভবনের সংযোগ সড়ক সিসি দ্বারা উন্নয়ন করণ | ৩,২৫,০০০.০০ | আরএফকিউ | |
| ০৮ | উপজেলা পরিষদে সরকারি কর্মচারী কল্যাণ ক্লাব ও মোহনগঞ্জ প্রেস ক্লাবে আসবাবপত্র সরবরাহকরণ | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| | মোট টাকা- | ৩৩,৭৫,০০০.০০ | | |

(৩) বিবিধ ঃ (ক) জুন/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালী ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের জুন/২০২৫ মাসের মজুরী প্রদান। | ২২,০৫০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জুন/২০২৫ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ৩৫,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ ব্যয় | ১৭,৬৭২/- |
| ০৪ | উপজেলা পরিষদের পানির পাম্প চালনার বিদ্যুত বিল বাবদ | ৩০,১৫৫/- |
| ০৫ | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা ব্যয় বাবদ | ২৪,৫০০/- |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার (আনসার ব্যারাক) এর বিদ্যুৎ বিল বাবদ | ১৪,২৯৫/- |
| ০৭ | উপজেলা চেয়ারম্যান কার্যালয়েরের বিদ্যুৎ বিল বাবদ | ২৪৩০/- |
| ০৮ | উপজেলা চেয়ারম্যান কার্যালয়েরর টেলিফোন বিল বাবদ | ২৪৭৬/- |

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা উপজেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে করার লক্ষ্যে সকলকে অনুরোধ জানান এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৫/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

স্মারক নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৩৫৭

তারিখঃ ২৬ মে ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ..............................................................,........অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,...........................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

২৬/৫/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা